## মূল্যবোধ শিক্ষা
(উৎপাদনশীলতা ও সংহতির এক সমন্বিত প্রয়াস)

সম্প্রতি অসমের বিদ্যালয়গুলিতে মূল্যবোধ আধারিত অভিজ্ঞতাপুষ্ট শিক্ষণের জন্য পর্যায়ক্রমে কার্যকরি এক দীর্ঘমেয়াদী, উদ্ভাবনমূলক প্রকল্পের সূচনা করা হয়েছে। ২০২১ শিক্ষাবর্ষ থেকে সরকারি বিদ্যালয়গুলিতে যাতে আরম্ভ করা যায় সেই হিসাবে এই প্রকল্পের প্রাথমিক ক্রিয়াকলাপগুলি ইতিমধ্যে আরম্ভ করা হয়েছে ।

শিশুদের সামগ্রিক বিকাশের প্রয়োজনকে প্রাধান্য দিয়ে এই প্রকল্পে দশটি মূল মূল্যবোধ ও দক্ষতা (Core Values and Skills) বেছে বের করা হয়েছে। সেগুলি হল-

(১) বিকশিত স্তরে নিজেকে বোঝার পাশাপাশি নিজের অনুভূতিগুলির সম্পর্কে জানার অভ্যাস করা ।
(২) স্বাস্থ্য, পরিস্কার-পরিচ্ছন্নতা, স্বচ্ছ পরিবেশ বজায় রাখতে ইতিবাচক আচরণের প্রতিফলন ঘটানো ।
(৩) পরিস্থিতি সাপেক্ষে সমঅনুভূতিবোধ প্রদর্শন বা সমভাগী হওয়া ।
(৪) বিভিন্ন উপায়ে মানসিক চাপের সঙ্গে মোকাবিলা করে চাপমুক্ত হওয়া ।
(৫) ব্যক্তির মধ্যে পারস্পরিক বন্ধন সুদৃঢ় করার জন্য সম্পর্কের গুরুত্ব উপলব্ধি করা ।
(৬) যোগাযোগের সূত্রপাত করা এবং সহযোগিতামূলক চিন্তন অনুশীলনে নিযুক্ত হওয়া ।
(৭) আস্থা, বিশ্বাস, যত্ন, কৃতজ্ঞতা, সম্মান, বন্ধুত্ব, দায়িত্ববোধ, আত্মবিশ্বাস, নিয়মানুবর্তিতা, শান্তি, আনন্দ ইত্যাদি পোষণ করে অনুভূতি বিকশিত করার অভ্যাস গড়ে তোলা ।
(৮) জানার জন্য শেখা কার্যে মনোযোগ কেন্দ্রীভূত করে বিষয়বস্তু এবং প্রযুক্তিবিদ্যার জ্ঞান বৃদ্ধি করা ।
(৯) বাছাই করা, সিদ্ধান্ত গ্রহণ করা, মূল্যায়ন করা, সংঘাত নির্মূল করা, নিজের এবং অন্যদের পথ প্রদর্শন ইত্যাদি কার্যে সক্ষম হতে মননশীল চিন্তা করা ।
(১০) সৃজনাত্মক চিন্তাকে ভিত্তিস্বরূপ গণ্য করে উদ্ভাবনী চিন্তা ও উৎপাদনক্ষম কর্মে নিয়োজিত হওয়া ।

এই প্রকল্পে ১ম থেকে ১০ম শ্রেণির শিশুদের সামগ্রিক বিকাশের প্রক্রিয়ায় উপরোক্ত মূল্যবোধ এবং দক্ষতাসমূহকে প্রধান লক্ষ্য হিসেবে ধরে নেওয়া হয়েছে । তদুপরি একটি শিশুপোযোগী ভাব বিনিময়ের পরিবেশ গড়ে তোলার প্রয়াস করা হয়েছে যা শিশুদের উৎপাদনশীলতা ও সমন্বয়ের ভাবধারাকে বিকশিত করে পরিবর্তনশীল সময়ের সঙ্গে তাল মিলিয়ে এগিয়ে যেতে তাদের উৎসাহিত করবে । শিক্ষক-শিক্ষার্থীদের মধ্যে পারস্পরিক বোঝাপড়ার একটি ইতিবাচক পরিবেশ সৃষ্টির উপরও প্রকল্পটিতে গুরুত্ব আরোপ করা হয়েছে ।

মূল্যবোধ ও দক্ষতা আধারিত দৃশ্য-শ্রাব্য উপকরণ, পুতুল, গল্প, কার্টুন ইত্যাদিতে সমৃদ্ধ শিক্ষক-শিক্ষয়িত্রীদের সহায়ক পুস্তিকা (Hand book) প্রচলিত পাঠ্যক্রম, পাঠ্যপুস্তক, আদান-প্রদান প্রক্রিয়া এবং মূল্যায়ন প্রক্রিয়ায় কোনোধরনের অতিরিক্ত বোঝা আরোপ না করে নির্দিষ্ট দিকে এগিয়ে যেতে পারবে ।

ভিন্ন ভিন্ন বিষয়ের বিশেষজ্ঞ, রাষ্ট্রীয় শিক্ষা গবেষণা প্রশিক্ষণ পরিষদ, (NCERT) এবং বিশ্ববিদ্যালয় ও অন্যান্য প্রতিষ্ঠানের দক্ষ ব্যক্তিগণ ২০২০ সালের রাষ্ট্রীয় শিক্ষানীতির প্রতি লক্ষ রেখে পাঠ্যক্রম নির্দেশনা ও উপকরণ প্রস্তুত প্রক্রিয়ায় যথোচিত অবদান যুগিয়েছেন ।

প্রকল্পটির পর্যায়গুলির প্রতি লক্ষ্য রেখে সংশ্লিষ্ট বিষয়ের বিশেষজ্ঞ ব্যক্তি, অনুষ্ঠান প্রতিষ্ঠান ইত্যাদিকে বিভিন্ন দিকে গবেষণামূলক অধ্যয়ন করার জন্য আহ্বান জানানো হয়েছে । সুতরাং শিক্ষক-শিক্ষয়িত্রীর জন্য যোগান ধরা এই পুস্তিকা শ্রেণিকক্ষের বাস্তবিক অভিজ্ঞতার গবেষণা, মননশীল চিন্তন ও অনুধাবনের মাধ্যমে পুষ্ট হয়ে উঠবে বলে আশা করা হচ্ছে ।

## প্রাতঃসভায় গ্রহণীয় সংকল্পের কিছু নমুনা

- এটি আমাদের বিদ্যালয় ।
- বিদ্যালয়টি আমাদের আপন ।
- আমরা সবসময় বিদ্যালয়ে আসব ।
- আমরা সবসময় পরিষ্কার-পরিচ্ছন্ন হয়ে আসব ।
- আমরা সবসময় বিদ্যালয় গৃহ ও প্রাঙ্গন পরিষ্কার-পরিচ্ছন্ন করে রাখব ।
- আমরা শিক্ষাগুরু এবং বয়োজ্যেষ্ঠদের শ্রদ্ধা করব ।
- আমরা সহপাঠীদের সঙ্গে মিলে-মিশে থাকব এবং নীতি নিয়মগুলি মেনে চলব ।
- আমরা ছাত্র-ছাত্রীরা দেশের ভাবী নাগরিক । আমরা আমাদের দেশের সম্মান অটুট রাখতে সর্বদা সচেষ্ট থাকব বলে সংকল্পবদ্ধ হলাম ।

## বার্ষিক কার্য পরিকল্পনা

শৈক্ষিক বর্ষ আরম্ভ হওয়ার সঙ্গে সঙ্গে করণীয় কার্যসমূহ যাতে সুষ্ঠভাবে করতে পারা যায় তার জন্য বিদ্যালয় কর্তৃপক্ষ আগে থেকে বার্ষিক পরিকল্পনা প্রস্তুত করে নেওয়া নিতান্ত বাধ্যতামূলক। ক্রিয়াকলাপসমূহ এবং সেই সঙ্গে মূল্যায়ন করে উপযুক্ত নথি-পত্রে সংরক্ষণ করে রাখবেন।

| কার্য | নির্ধারিত সময় |
|---|---|
| প্রাতঃসভা | প্রতিদিন ১৫ মিনিট |
| গাছের চারা রোপন ও বাগানের কাজ | মাসের একটি পিরিওড সকলের জন্য এবং প্রতিদিন ৩০ মিনিট সময় বাগানের দেখা-শোনার জন্য এক একটি গোষ্ঠী দায়িত্ব নেবে। |
| বিশেষ দিবস উদ্‌যাপন নির্ধারণ করবে। | একটি দিবস উদ্‌যাপনের জন্য খুব বেশি তিন পিরিওড সময়ের প্রয়োজন হবে বলে নিশ্চিত করা যায়। |
| সাহিত্য-সংস্কৃতিমূলক অনুষ্ঠান অনুষ্ঠিত করা (কমপক্ষে দশটি দিক যেমন- গান, নৃত্য, অভিনয়, মূকাভিনয়, তর্ক, রচনা প্রতিযোগিতা, আকস্মিক বক্তৃতা, কুইজ, আবৃত্তি, সৃজনাত্মক লেখনি ইত্যাদি) | প্রতিটি কার্যক্রমের জন্য তিন পিরিওড করে বছরে দুবার অনুষ্ঠিত করবে। |
| বার্ষিক খেলা-ধুলো | ৬ দিন (শেষের দিন পুরস্কার বিতরণী দিন হিসাবে পালন করবেন) |
| সামাজিক কাজ-কর্ম | বছরে অন্তত দুবার তিনটি পিরিওড নির্ধারণ করবেন। |
| কাব-বুলবুল/স্কাউট-গাইড সম্পর্কীয় কাজ-কর্ম | বছরে ৪০টা পিরিওড নির্ধারণ করবেন। |
| ক্ষেত্র ভ্রমণ / শৈক্ষিক ভ্রমণ / বনভোজ | ২ দিন বা ১০ ঘণ্টা |

## পরিপূরক পাঠদানের প্রয়োজনীয়তা সম্পর্কে

ভারত সরকার No.1 NEW DELHI, FRIDAY, JANUARY 11, 2019/PAUSHA21, 1940 (SAKA) অধিসূচনা অনুসারে শিক্ষার অধিকার আইন, ২০০৯ এর ১৬ নং এবং ৩৮ নং ধারা সংশোধন করে শিক্ষার অধিকার (সংশোধনী) আইন, ২০১৯ প্রৱর্তন করেন ।

এই সংশোধনের আধারে অসম সরকারের তরফ থেকে No. E-228812/27 dated 1st November, 2022 অধিসূচনার ভিত্তিতে উক্ত আইনটির কার্যকরীকরণের উদ্দেশ্যে পঞ্চম এবং অষ্টম শ্রেণির জন্য বাৎসরীক পরীক্ষা অনুষ্ঠিত করার বিষয়টি উল্লেখ করা হয়েছে । যদি উক্ত দুই শ্রেণির কোনো শিশু সেই পরীক্ষার আশানুরূপ ফলাফল প্রদর্শন করতে না পারে, তবে বিদ্যালয় কর্তৃপক্ষ সেই শিশুর জন্য দুমাসের মধ্যে পরিপূরক পাঠদানের ব্যবস্থা করে পূনরায় পরীক্ষায় অবতীর্ণ হওয়ার সূযোগ করে দিতে হবে ।

সুতরাং শিক্ষাবর্ষের গোড়ার দিক থেকেই শিক্ষক-শিক্ষয়িত্রীরা প্রত্যেক শ্রেণির ছাত্র-ছাত্রীদের শেখার অগ্রগতির প্রতি লক্ষ্য রাখবেন । নিয়মিত পাঠদানের পাশাপাশি অধিক শেখার প্রয়োজন রয়েছে এমন শিশুদের জন্য পরিপূরক পাঠদানের ব্যবস্থা করবেন যাতে সব শিশুরাই কাংক্ষিত ফলাফল প্রাপ্তিতে সফল হতে পারে ।

## দৈনিক সময় তালিকার নমুনা (১ম শ্রেণি থেকে ৮ম শ্রেণি পর্যন্ত)

| সময়/বার | ৯.০০-৯.১৫ | | ৯.১৫-১০.০০ | ১০.০০-১০.৪০ | ১০.৪০-১০.৫০ | ১০.৫০-১১.৩০ | ১১.৩০-১২.১০ | ১২.১০-১২.৪৫ | ১২.৪৫-১.২৫ | ১.২৫-২.০৫ | ২.০৫-২.৪৫ | ২.৪৫-৩.২৫ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | শ্রেণী | ১ম পিরিওড | ২য় পিরিওড | | ৩য় পিরিওড | ৪র্থ পিরিওড | | ৫ম পিরিওড | ৬ষ্ঠ পিরিওড | ৭ম পিরিওড | ৮ম পিরিওড |
| সোম | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্য্যবলির পরিকল্পনা | ১ম | ইংরাজি | গণিত | প্রথম বিরতি | ভাষা-১ | পঠন শ্রেণি | মধ্যাহ্ন ভোজন বিরতি | গণিত | কলা শিক্ষা | -এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। -শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষন ও মূল্যায়ন করাবেন এবং সেই সংঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করাবেন। | |
| | | ২য় | গণিত | ভাষা-১ | | ইংরাজি | | | পরিপূরক শিক্ষণ (ভাষা-১) | | | |
| | | ৩য় | ভাষা-১ | ইংরাজি | | গণিত | | | | মূল্যবোধ আধারিত অভিজ্ঞতা | | |
| | | ৪র্থ | গণিত | ভাষা-১ | | ইংরাজি | পরিবেশ অধ্যয়ন | | | পঠন শ্রেণি | | |
| | | ৫ম | ভাষা-১ | ইংরাজি | | গণিত | | | | | | |
| | | ৬ষ্ঠ | ভাষা-১ | গণিত | | সমাজ বিজ্ঞান | হিন্দী | | ইংরাজি | পরিপূরক শিক্ষণ (ইংরাজি) | বিজ্ঞান | মূল্যবোধ আধারিত অভিজ্ঞতা |
| | | ৭ম | গণিত | সমাজ বিজ্ঞান | | ইংরাজি | ভাষা-১ | | বিজ্ঞান | | সমাজ বিজ্ঞান | হিন্দী |
| | | ৮ম | ইংরাজি | ভাষা-১ | | বিজ্ঞান | গণিত | | গণিত | | ইতিহাস ও রাজনীতি | গ্রন্থাগার শ্রেণি |
| মঙ্গল | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্য্যবলির পরিকল্পনা | ১ম | গণিত | ভাষা-১ | প্রথম বিরতি | ইংরাজি | কলা শিক্ষা | মধ্যাহ্ন ভোজন বিরতি | ইংরাজি | স্বাঃ শাঃ শিক্ষা | -এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। -শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষন ও মূল্যায়ন করাবেন এবং সেই সংঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করাবেন। | |
| | | ২য় | ভাষা-১ | গণিত | | পরিপূরক শিক্ষণ (ইংরাজি) | ইংরাজি | | ভাষা-১ | কলা শিক্ষা | | |
| | | ৩য় | গণিত | ভাষা-১ | | | পরিবেশ অধ্যয়ন | | ইংরাজি | স্বাঃ শাঃ শিক্ষা | | |
| | | ৪র্থ | ভাষা-১ | গণিত | | | | | গণিত | মূল্যবোধ আধারিত অভিজ্ঞতা | | |
| | | ৫ম | গণিত | ভাষা-১ | | | ইংরাজি | | ভাষা-১ | পরিবেশ অধ্যয়ন | | |
| | | ৬ষ্ঠ | সমাজ বিজ্ঞান | পরিপূরক শিক্ষণ (ভাষা-১) | | বিজ্ঞান | গণিত | | ইংরাজি | হিন্দী | সমাজ বিজ্ঞান | গ্রন্থাগার শ্রেণি |
| | | ৭ম | গণিত | | | ইংরাজি | গ্রন্থাগার শ্রেণি | | সমাজ বিজ্ঞান | বিজ্ঞান | হিন্দী | মূল্যবোধ আধারিত অভিজ্ঞতা |
| | | ৮ম | ইংরাজি | | | ভুগোল ও অর্থনীতি | ইতিহাস ও রাজনীতি | | গণিত | গ্রন্থাগাৰ শ্রেণী | বিজ্ঞান | হিন্দী |
| বুধ | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্য্যবলির পরিকল্পনা | ১ম | ভাষা-১ | গণিত | প্রথম বিরতি | ইংরাজি | কলা শিক্ষা | মধ্যাহ্ন ভোজন বিরতি | ভাষা-১ | স্বাঃ শাঃ শিক্ষা | -এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। -শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষন ও মূল্যায়ন করাবেন এবং সেই সংঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করাবেন। | |
| | | ২য় | গণিত | পরিপূরক শিক্ষণ (ভাষা-১) | | ইংরাজি | স্বাঃ শাঃ শিক্ষা | | গণিত | কলা শিক্ষা | | |
| | | ৩য় | গণিত | | | গণিত | পরিবেশ অধ্যয়ন | | ইংরাজি | স্বাঃ শাঃ শিক্ষা | | |
| | | ৪র্থ | পরিবেশ অধ্যয়ন | | | ইংরাজি | গণিত | | ভাষা-১ | | | |
| | | ৫ম | ইংরাজি | | | গণিত | স্বাঃ শাঃ শিক্ষা | | পরিবেশ অধ্যয়ন | মূল্যবোধ আধারিত অভিজ্ঞতা | | |
| | | ৬ষ্ঠ | ভাষা-১ | ইংরাজি | | হিন্দী/ভাষা-৪ | গণিত | | সমাজ বিজ্ঞান | বিজ্ঞান | ভাষা-১ | কলা শিক্ষা |
| | | ৭ম | গণিত | গণিত | | ইংরাজি | সমাজ বিজ্ঞান | | ইংৰাজী | হিন্দী/ভাষা-৪ | বিজ্ঞান | গ্রন্থাগার শ্রেণি |
| | | ৮ম | ইংরাজি | ভাষা-১ | | গণিত | হিন্দী | | বিজ্ঞান | ভূগোল ও অর্থনীতি | ইতিহাস ও রাজনীতি | মূল্যবোধ আধারিত অভিজ্ঞতা |
| বৃহস্পতি | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্য্যবলির পরিকল্পনা | ১ম | গণিত | ভাষা-১ | প্রথম বিরতি | ইংরাজি | ভাষা-১ | মধ্যাহ্ন ভোজন বিরতি | পরিবেশ অধ্যয়ন | মূল্যবোধ আধারিত অভিজ্ঞতা | -এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। -শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষন ও মূল্যায়ন করাবেন এবং সেই সংঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করাবেন। | |
| | | ২য় | ইংরাজি | পরিপূরক শিক্ষণ (সংখ্যা জ্ঞান) | | ভাষা-১ | গণিত | | স্বাঃ শাঃ শিক্ষা | কলা শিক্ষা | | |
| | | ৩য় | ইংরাজি | | | পরিবেশ অধ্যয়ন | ভাষা | | গণিত | | | |
| | | ৪র্থ | ভাষা-১ | | | গণিত | পরিবেশ অধ্যয়ন | | ইংরাজি | | | |
| | | ৫ম | গণিত | | | ইংরাজি | | | ভাষা-১ | | | |
| | | ৬ষ্ঠ | ভাষা-১ | গণিত | | পরিপূরক শিক্ষণ | সমাজ বিজ্ঞান | | হিন্দী/ভাষা-৪ | সমাজ বিজ্ঞান | ইংরাজি | কলা শিক্ষা |
| | | ৭ম | গণিত | ভাষা | | | বিজ্ঞান | | ইংরাজি | হিন্দী | সমাজ বিজ্ঞান | |
| | | ৮ম | বিজ্ঞান | ইতিহাস ও রাজনীতি | | | হিন্দী/ভাষা-৪ | | ভূগোল ও অর্থনীতি | ইংরাজি | গণিত | |
| শুক্র | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্য্যবলির পরিকল্পনা | ১ম | ভাষা-১ | গণিত | প্রথম বিরতি | ইংরাজি | গণিত | মধ্যাহ্ন ভোজন বিরতি | স্বাঃ শাঃ শিক্ষা | কলা শিক্ষা | -এই সময়ে ১ম থেকে ৫ম শ্রেণির ইচ্ছুক ছাত্র-ছাত্রীরা সহ-বিদ্যায়তনিক বিষয়সমূহের অনুশীলনের জন্য বিদ্যালয়ে থাকবে এবং অন্যান্য ছাত্র-ছাত্রীরা ২.০৫ মিনিটে বিদ্যালয় ত্যাগ করবে। -শিক্ষক-শিক্ষয়িত্রীরা ছাত্র-ছাত্রীদের অনুশীলন গুলি পর্যবেক্ষন ও মূল্যায়ন করাবেন এবং সেই সংঙ্গে ছাত্র-ছাত্রীদের সামগ্রিক বিকাশ সম্পর্কে তাদের পিতা-মাতা-অভিভাবকদের সঙ্গে আলোচনা করাবেন। | |
| | | ২য় | গণিত | ভাষা-১ | | পরিপূরক শিক্ষণ (ইংরাজি) | ইংরাজি | | | মূল্যবোধ আধারিত অভিজ্ঞতা | | |
| | | ৩য় | ভাষা-১ | গণিত | | | পরিবেশ অধ্যয়ন | | ইংৰাজী | স্বাঃ শাঃ শিক্ষা | | |
| | | ৪র্থ | গণিত | পরিবেশ অধ্যয়ন | | | ভাষা-১ | | স্বাঃ শাঃ শিক্ষা | কলা শিক্ষা | | |
| | | ৫ম | ভাষা-১ | গণিত | | | ইংরাজি | | পরিবেশ অধ্যয়ন | স্বাঃ শাঃ শিক্ষা | | |
| | | ৬ষ্ঠ | সমাজ বিজ্ঞান | পরিপূরক শিক্ষণ (সংখ্যা জ্ঞান) | | ইংরাজি | হিন্দী | | সমাজ বিজ্ঞান | ভাষা-১ | বিজ্ঞান | স্কাউট গাইড |
| | | ৭ম | ভাষা-১ | | | গণিত | ইংরাজি | | বিজ্ঞান | হিন্দী/ ভাষা-৪ | সমাজ বিজ্ঞান | |
| | | ৮ম | বিজ্ঞান | | | হিন্দী/ভাষা-৪ | ভুগোল ও অর্থনীতি | | ভাষা-১ | ইতিহাস ও রাজনীতি | ইংরাজি | |
| শনি | সাফাই, প্রাতঃসভা, দিনটির কার্য্যবলির পরিকল্পনা | ১ম | ইংরাজি | গণিত | প্রথম বিরতি | ভাষা-১ | ইংরাজি | কলা শিক্ষা | মধ্যাহ্ন ভোজন বিরতি | **গ্রন্থাগার শ্রেণিঃ** এই পিরিয়ডে তত্বাবধায়কেৎ দায়িত্বপ্রাপ্ত শিক্ষক শ্রেণি অনুযায়ী ছাত্র-ছাত্রীদের বিভিন্ন বিষয়ের প্রাসঙ্গিক পুস্তিকা পাঠ করার সুবিধা প্রদান করবেন। নির্দিষ্ট সময় পরপর শিক্ষক/শিক্ষিকারা ছাত্র-ছাত্রীদের অধ্যয়ন ভিত্তিক মূল্যায়ণ করবেন।<br>**মূল্যবোধ আধারিত অভিজ্ঞতাঃ** এই পিরিয়ডে শিক্ষক/শিক্ষিকারা প্রত্যেক বিষয়ের সঙ্গে সম্পৃক্ত মূল্যবোধ ভিত্তিক শেখানো ও শেখার বিভিন্ন দিকগুলির প্রয়োগিক অনুশীলন করাবেন।<br>**কর্ম শিক্ষাঃ** এই পিরিয়ডটি বিভিন্ন ধরনের উপকরণ যেমনঃ কল্পকাহিনী, অভিনয়, নাটিকা ইত্যাদি মূল্যবোধ ভিত্তিক অভিজ্ঞতার জন্য প্রয়োগ করবেন। | | |
| | | ২য় | গণিত | ভাষা-১ | | ইংরাজি | পরিপূরক শিক্ষণ | পরিপূরক শিক্ষণ | | | | |
| | | ৩য় | ভাষা-১ | ইংরাজি | | গণিত | | | | | | |
| | | ৪র্থ | | গণিত | | ইংরাজি | | | | | | |
| | | ৫ম | | ইংরাজি | | গণিত | | | | | | |
| | | ৬ষ্ঠ | বিজ্ঞান | গণিত | | ইংরাজি | | কর্ম শিক্ষা | | | | |
| | | ৭ম | সমাজ বিজ্ঞান | ভাষা-১ | | বিজ্ঞান | | | | | | |
| | | ৮ম | ভাষা-১ | গণিত | | ইতিহাস ও রাজনীতি | | | | | | |

বিদ্যালয় ছুটি হওয়ার সময় অসমের জাতীয় সংগীতটি সকলে মিলে গাইবে এবং বিদ্যালয়ের কার্যসূচি শেষ করবে।

ওপরোক্ত সময় সারণীটি একটি পরামর্শমূলক তালিকা । এই তালিকার ভিত্তিতে প্রতিটি বিদ্যালয় নিজের পছন্দ মতো তালিকা প্রস্তুত করে নিতে পারবে ।

- ▸ প্রথম শ্রেণি থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত অন্তর্ভুক্ত করে ৪+১+১ র এর বিন্যাসের সাপ্তাহিক কার্যক্রম নির্ধারণ করবেন, যেখানে ৪ (চার) দিন শেখা-শেখানো প্রক্রিয়া, ১ (এক) দিন মান নিরূপণ প্রক্রিয়া এবং ১ দিন পরিপূরক শেখন হিসাবে অন্তর্ভুক্ত করা হবে।
- ▸ সপ্তাহটির শেখা- শেখানো কার্যের ভিত্তিতে শিশুটির আহরিত সূক্ষ্ম দক্ষতা গুলির সাপ্তাহিক মান নিরূপণ করতে হবে।
- ▸ ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণির সাপ্তাহিক পাঠ্যপুস্তক বিতরণ কার্যসূচি আগের মতোই বহাল থাকবে।
- ▸ বিশেষ ভাবে সক্ষম শিশুদের ক্ষেত্রে দৈনিক সময় সারণী কিছুটা নমনীয় করে নেবেন।

(প্রথম থেকে পঞ্চম শ্রেণির উক্ত ব্যবস্থাবলি সম্পর্কে পরবর্তী সময়ে পৃথক নির্দেশিকা জারী করা হবে।)

## বহুশ্রেণি-বহুস্তরীয় শেখার ব্যবস্থা

বহুশ্রেণি-বহুস্তরীয় শেখার প্রক্রিয়ায় শিক্ষক-শিক্ষয়িত্রী শ্রেণিকক্ষে শেখার যথোচিত সুবিধা প্রদান করে ছাত্র-ছাত্রীদের অর্থপূর্ণ শিক্ষাগ্রহনের দিকে এগিয়ে নিয়ে যায়। ছাত্র-ছাত্রীদের নিজস্ব পর্যবেক্ষন, অন্বেষন এবং ভিন্ন ভিন্ন বিষয়ের উপর নিজস্ব চিন্তাধারা প্রকাশের ক্ষেত্রে এই শিক্ষাব্যবস্থায় যথেষ্ট গুরুত্ব আরোপ করা হয়।

শিক্ষক-শিক্ষয়িত্রী বিদ্যালয়ের সামগ্রিক পরিবেশের সঙ্গে সম্মতি রেখে বহুশ্রেণি-বহুস্তরীয় শেখনের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন। এই ক্রিয়াকলাপগুলি করার সময় শিক্ষক-শিক্ষয়িত্রী চলিত বর্ষের শৈক্ষিক দিনপঞ্জিতে উল্লিখিত দৈনিক সময় সারনীর সঙ্গে সামঞ্জস্য বজায় রাখা বাধ্যতামূলক।

## স্কুলব্যাগমুক্ত দিন

ষষ্ঠ থেকে অষ্টম শ্রেণি অধ্যয়নের প্রত্যেকজন ছাত্র-ছাত্রী বৎসরে ১০ দিন স্কুলব্যাগমুক্ত দিন হিসাবে পাঠ্যপুস্তক ছাড়া দক্ষতা অর্জনের সুযোগ পাওয়া উচিত। তাঁদের বিভিন্ন বৃত্তিতে দক্ষতা সম্পন্ন কুটির শিল্পী মালি, মৃৎশিল্পী ইত্যাদি ব্যক্তির সান্নিধ্যে কর্ম অভিজ্ঞতা অর্জন করার সুযোগ দেওয়া যেতে পারে। স্কুলব্যাগমুক্ত দিন গুলোতে চিত্রাংকন, কুইজ, খেলাধূলা, বৃত্তিমূলক কাজে অংশগ্রহণ, ঐতিহাসিক এবং সাংস্কৃতিক গুরুত্ব সম্পন্ন স্থান বা উচ্চ শিক্ষার শিক্ষানুষ্ঠান ভ্রমণ ইত্যাদি কার্যসূচি গ্রহণ করা যেতে পারে। প্রতিটি বিদ্যালয় নিজের সুবিধা মত এই ১০ দিন বেছে নেবে।

## বিদ্যালয়ে গ্রন্থাগার সম্পর্কীয় ব্যবস্থাবলি

প্রত্যেক বিদ্যালয়ে গ্রন্থাগার এবং প্রতিটি শ্রেণিকক্ষে পঠন কোণ থাকা বাধ্যতামূলক। বিদ্যালয়গুলিতে যোগানো পঠন সামগ্রীগুলি বা বইগুলি গ্রন্থাগার ও পঠন কোণে ভালোভাবে এবং ছাত্র-ছাত্রীদের যাতে সহজলভ্য হয় সেভাবে রাখা উচিত । বইগুলির ক্রমিক নম্বর সহকারে নিবন্ধন পুস্তিকায় লিপিবদ্ধ করে রাখতে হবে । গ্রন্থাগার পরিচালনা সমিতি (Library Management Committee) গঠন করে সক্রিয় করতে হবে । গ্রন্থাগারের বই ব্যবহারের ক্ষেত্রে পাঠানো নির্দেশাবলিতে উল্লিখিত অনুযায়ী বিদ্যালয়ের একজন শিক্ষককে গ্রন্থাগারের সঠিক ব্যবহারের দায়িত্ব অর্পন করা উচিত ।

প্রত্যেক ছাত্র-ছাত্রীরা যাতে গ্রন্থাগারের বইগুলি পড়ে সেই বিষয়টি বিদ্যালয়ের প্রধান শিক্ষক অথবা গ্রন্থাগারের দায়িত্বে থাকা শিক্ষক নিশ্চিত করবেন । যে ছাত্র-ছাত্রী সবচাইতে বেশি বই পড়ে তাকে বিদ্যালয় কর্তৃপক্ষের তরফ থেকে বার্ষিক পুরস্কার প্রদানের ব্যবস্থা থাকতে হবে । গ্রন্থাগার পিরিয়ডে (Library Period) ছাত্র-ছাত্রীরা যে বইগুলি পড়বে তার উপর মাঝে মাঝে দলগত আলোচনা করতে দেওয়া উচিত । তাদের পঠিত অভিজ্ঞতা প্রাতঃসভায়ও বলতে দিতে পারেন ।

মাঝে মাঝে ছাত্র-ছাত্রীদের মধ্যে গল্প বলা, নিজের ভাষায় গল্প লেখা ইত্যাদি প্রতিযোগিতার আয়োজন করতে পারেন । এই ধরণের ক্রিয়াকলাপে পিতৃ-মাতৃ, অভিভাবক, বিদ্যালয় পরিচালনা সমিতি, শিক্ষাবিদ দেরও জড়িত করতে পারেন ।

## বিদ্যালয়ে স্কুল ব্যাগ/সামগ্রী/কর্মপুস্তিকার ওজন হ্রাস করার ক্ষেত্রে সরকারী নির্দেশাবালি

স্কুল ব্যাগ ও অন্যান্য সামগ্রীর ওজন সীমিত করার উদ্দেশ্যে ২০১৮-১৯ শিক্ষাবর্ষ থেকে কার্যকরি হয় এমনভাবে শিক্ষা বিভাগ, অসম সরকার শিক্ষা বিভাগগুলিতে প্রেরণ করা বিজ্ঞপ্তি অনুযায়ীঃ-

- প্রথম ও দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের গৃহকর্ম দেওয়া যাবেনা ।
- প্রথম ও দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য কোনো বিদ্যালয় ভাষা ও গণিত ছাড়া অন্য কোনো বিষয় অন্তর্ভূক্ত করতে পারবে না ।
- তৃতীয় এবং পঞ্চম শ্রেণির ছাত্র-ছাত্রীদের জন্য এন সি ই আর টি/এস সি ই আর টি ভাষা, পরিবেশ বিজ্ঞান ও গণিত অন্তর্ভূক্ত করেছে ।

যে বিদ্যালয়গুলি প্রথম এবং দ্বিতীয় শ্রেণির ছাত্র-ছাত্রীদের গৃহকার্য এবং প্রথম থেকে পঞ্চম শ্রেণির ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে এন সি ই আর টি/এস সি ই আর টি কর্তৃক নির্দেশিত বিষয় ছাড়াও অন্যান্য বিষয়গুলি অন্তর্ভূক্ত করবে সেই বিদ্যালয়গুলির স্বীকৃতি বাতিল করা হবে ।

- স্কুল ব্যাগের সর্বাধিক ওজন নিম্নলিখিত সীমা অতিক্রম করতে পাৰবে না ।

| ক্রমিক নং | শ্রেণি | সর্বাধিক ওজন (কিগ্রা) |
|---|---|---|
| ১/ | ১ম, ২য় | ১.৫ কিগ্রা |
| ২/ | ৩য়, ৪র্থ, ৫ম | ২-৩ কিগ্রা |
| ৩/ | ৬ষ্ঠ, ৭ম, ৮ম | ৪ কিগ্রা |
| ৪/ | ৮ম, ৯ম | ৪.৫ কিগ্রা |
| ৫/ | ১০ম | ৫ কিগ্রা |

উল্লেখযোগ্য যে আমাদের রাজ্যে এই স্তরের বিদ্যালয়গুলির শ্রেণিসমূহের স্কুল ব্যাগের ওজন উল্লিখিত তালিকার চেয়ে বেশি নয় ।

## স্বাস্থ্যবিধি সম্পর্কে শিক্ষক-শিক্ষয়িত্রীদের দায়িত্ব ও ভূমিকা

- ❑ ছাত্র দলের দ্বারা পালা করে শ্রেণিকক্ষ ও বিদ্যালয় প্রাঙ্গন পরিষ্কার করা।
- ❑ স্বচ্ছতা ও স্বাস্থ্যবিধির অধীনস্থ ক্রিয়াকলাপসমূহ কে, কখন পালন করবে তা নির্ধারণ করা।
- ❑ শিক্ষক-শিক্ষয়িত্রী ও বিদ্যালয় পরিচালনা সমিতির পরামর্শ অনুযায়ী ছাত্র-ছাত্রীদের দ্বারা পালা করে পানীয় জলের উৎস ও শৌচাগার সূচল করে রাখার তদারকীকরণ।
- ❑ বিদ্যালয়ের তত্বাবধানের জন্য প্রাপ্ত অনুদানের টাকায় বিদ্যালয় পরিচালনা সমিতির দ্বারা পানীয় জলের উৎস ও শৌচাগারের মেরামতি করা।
- ❑ ছাত্র-ছাত্রীদের দ্বারা পালিত স্বাস্থ্যবিধি সম্পর্কীয় ক্রিয়াকলাপসমূহ শিক্ষক-শিক্ষয়িত্রীর কর্তৃক দৈনিক নিরীক্ষণ।

শৈক্ষিক দিনপঞ্জি সম্পর্কে আপনাদের মূল্যবান মতামত/পরামর্শ নিম্নলিখিত ই-মেইল-এর মাধ্যমে আমাদের অবগত করুন -

cmd@scertassam.in